গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নম্বর-৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৮৭.১২(অংশ-২)-৬৪৭

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩১ / ০২ ডিসেম্বর ২০২৪

**বিষয়: অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠু ও সচারুরূপে বাস্তবায়ন।**

সূত্র: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের স্মারক নম্বর-৪৪৯, তারিখ: ১৩ নভেম্বর ২০২৪।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ স্মারকে প্রাপ্ত অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠু ও সচারুরূপে বাস্তবায়ন সংক্রান্ত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আধা সরকারি পত্রের ছায়ালিপি এ সাথে প্রেরণ করা হলো।

২। এমতাবস্থায়, উক্ত পত্রের নির্দেশনা অনুযায়ী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ তারিখ পর্যন্ত অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠু ও সচারুরূপে বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা পরিষদের কর্মচারীদের সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি: বর্ণনামতে।**

02/12/2024


মোঃ শাহীনুর আলম
উপসচিব
ফোন: ০২-২২৩৩৮২২৪৭
E-mail: lgdupazila1@lgd.gov.bd


১। প্রশাসক, উপজেলা পরিষদ (সকল) ........... উপজেলা,......... জেলা;

২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ........... উপজেলা,.......... জেলা;

**অনুলিপি:**

১। বিভাগীয় কমিশনার (সকল) ............... বিভাগ;
২। জেলা প্রশাসক (সকল), ................... জেলা;
৩। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল), ............... জেলা;
৪। উপসচিব (প্রশাসন-১ শাখা) স্থানীয় সরকার বিভাগ;
৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ;
৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইট প্রকাশের অনুরোধসহ);
৭। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
৮। যুগ্মসচিব (উপজেলা অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

মোঃ মাহবুব হোসেন
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
ফোনঃ ৫৫০০৭৩৭৩
মোবাইলঃ ০১৩০৯০১১৩৩৩
ই-মেইলঃ secy@sid.gov.bd

আধা-সরকারি পত্র নম্বর: ৫২.০০.০০০০.০০৮.১৪.৯৪১.২৪-৪৪৯

তারিখ: ২৮ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১৩ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

প্রিয় নজরুল,

আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করে আসছে। এসব শুমারি ও জরিপের মাধ্যমে প্রণয়নকৃত পরিসংখ্যান দেশের আর্থ-সামাজিক উন্নয়নের নীতি নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিবিএস কর্তৃক পরিচালিত শুমারিসমূহের মধ্যে জনশুমারি ও গৃহগণনা, কৃষি শুমারি এবং অর্থনৈতিক শুমারি উল্লেখযোগ্য। দেশের ১ম অর্থনৈতিক শুমারি ১৯৮৬ সালে অনুষ্ঠিত হয়। এরপর ২০০১ ও ২০০৩ সালে দু'টি পর্যায়ে ২য় অর্থনৈতিক শুমারি এবং ২০১৩ সালে ৩য় অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়। এরই ধারাবাহিকতায় আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ সময়ে অনুষ্ঠিত হতে যাচ্ছে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারি। ৪র্থ অর্থনৈতিক শুমারিতে দেশের সকল অর্থনৈতিক ইউনিটের পরিচিতি, অর্থনৈতিক কার্যাবলি, জনবল, সম্পদ এবং ইউনিটের মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্যাদি সংগ্রহ করা হবে, যার মাধ্যমে দেশের অর্থনীতির সামগ্রিক চিত্র উঠে আসবে।

০২। ৪র্থ অর্থনৈতিক শুমারির তথ্য-উপাত্তসমূহ ট্যাবের মাধ্যমে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে সংগ্রহ করা হবে। শুমারির গণনা এলাকার ম্যাপ প্রস্তুতের পাশাপাশি ইতোমধ্যে দেশের ১ কোটি ২২ লক্ষের অধিক অর্থনৈতিক ইউনিট তালিকাভুক্ত করা হয়েছে। সারাদেশে প্রায় ৯৫,০০০ তথ্যসংগ্রহকারী, ১৯,০০০ সুপারভাইজার, ২,৬০০ আইটি সুপারভাইজার এবং ২,৬০০ জোনাল অফিসার প্রকল্প দলিলের সংস্থান অনুযায়ী অস্থায়ীভাবে এ কার্যক্রমে নিয়োজিত থাকবেন। এ কার্যক্রম বিবিএস কর্তৃক পরিচালনা করা হলেও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার কর্মচারীগণও নিয়োজিত রয়েছেন। জাতীয় গুরুত্বপূর্ণ এ কার্যক্রম সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নে স্থানীয় সরকার বিভাগ ও এর অধীন সংস্থার কর্মচারীগণের সর্বাত্মক সহযোগিতা একান্ত আবশ্যক।

০৩। বর্ণিতাবস্থায়, আগামী ১০-২৬ ডিসেম্বর ২০২৪ পর্যন্ত অনুষ্ঠিতব্য অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহ কার্যক্রম সুষ্ঠু ও সুচারুরূপে বাস্তবায়নের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ ও এর অধীন সংস্থার কর্মচারীগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানে আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি।

অতি:/যুগ্ম সচিব-প্রশাসন/উপজেলা/অডিট
নম্বর............তারিখ ২৭/১১/২৪
অতিরিক্ত সচিব (প্রশাসন)

আন্তরিকভাবে আপনার

১৩/১১/২৪

মোঃ মাহবুব হোসেন

জনাব মোঃ নজরুল ইসলাম
অতিরিক্ত সচিব
(সচিবের রুটিন দায়িত্বে)
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব<br>২) মহাপরিচালক<br>৩) যুগ্মসচিব<br>৪) যুগ্মসচিব (পরিকল্পনা) | ১) প্রশাসন<br>২) নগর উন্নয়ন<br>৩) উন্নয়ন<br>৪) পানি সরবরাহ (পাস)<br>৫) উপজেলা অধিশাখা<br>৬) ইউপি অধিশাখা<br>৭) অডিট অধিশাখা<br>৮) আইন অধিশাখা |
| ডাইরি নং............<br>তারিখঃ ২৮/১১/২৪ | স্বাক্ষর |

ডাইরী নং............তারিখঃ ২৮/১১/২৪
উপসচিব/সিনিয়র সহকারী সচিব
(প্রশাসন-১/প্রশাসন-২/সমন্বয় ও কাউন্সিল/জেপ
যুগ্মসচিব (প্রশাসন)